

কালী



রজনীকান্ত সেন




[দশম সংস্করণ]



কালীন—১৩১৫

মূল্য ১.০০ এক টাকা



[All Rights Reserved to the Publishers.]



প্রথম সংস্করণের ভূমিকা

কাহারও বাণী গড়ে, কাহারও পড়ে, কাহারও বা সঙ্গীতে অভিব্যক্ত। রজনীকান্তের কাল্প-পদাবলী কেবল সঙ্গীত। এই কথা বলিবার জন্মই এই সংক্ষিপ্ত নীরস গঠের অবতারণা।

শ্রীঅক্ষয়কুমার মৈত্রেয়

সূচিপত্র

আঃ, যা কর, বাবা, আন্তে ধীরে—	৮৪
আজি, শিখিল সব ইন্দ্রিয়.	৪৪
আমরা, নেহাৎ গরীব, আমরা নেহাৎ ছোট	৭৩
(আমি) অকৃতী অধম ব'লেও তো কিছু	১৫
আমি তো তোমারে চাহিনি জীবনে	১২
(আমি) দেখেছি জীবন ভ'রে চাহিয়া কত	২৬
আমি পার হ'তে চাই	২৭
(আমি) যাহা কিছু বলি,—	৭৫
আর ছুটে ভাই, হিন্দু-মুসলমান !	৫৮
আর আমি থাকবো নারের	১৩৩
আর কি আমাদের দিতে পারে সে মনোবেদনা ?	৭০
আর কি ভাবিস মাঝি ব'সে ?	৭৪
এস.এস কাছে, দূরে কি গো সাজে	৬২
ওই, বধির ঘবনিকা তুলিয়া, মোরে প্রভু	১৩
(ওরা)—চাহিতে জানে না, দয়াময় !	১৮
কতাদারে বিব্রত হ'য়েছ বিলক্ষণ	৮৬
কবে হবে তোমাতে আন্নাতে সন্ধি	২৫
কার কোলে ধরা লভে পরিণতি ?	২১
কুলু কুলু কুলু নদী ব'য়ে-বার রে ভাই	৩৮
কোন্ শুভগ্রহালোকে, কি মঙ্গল-যোগে	৩০
কোলের ছেঁলে, ধুলো ঝেড়ে, তুলে নে কোলে	৩৫
জয় কর জনমভূমি জননি	৫

জয় নিখিল-সৃজনলয়কারী	৩৭
ভাক দেখি তোর বৈজ্ঞানিকে	৫৫
ভব, করুণা অমিয় করি' পান,—	১৪
ভব, চরণ-নিম্নে, উঃসবময়ী শ্রাম-ধরনী সরস।	৪
ভব, শাস্তি-অরুণ-শাস্ত-করুণ	২৫
তাই ভালো, মোদের	৭২
তার, মঙ্গল আরতির বেজে উঠে শাক	২৭
তুমি, নিশ্চল কর, মঙ্গল-করে	১০
তোমারি দেওয়া' প্রাণে, তোমারি দেওয়া দুঃখ	২০
শ'রে তোলা, কোথা আছে কে আমার !	৯
নমো নমো নমো জননি বঙ্গ !	৪৩
'নয়নের ঝরি নয়নে রেখেছি	৬৬
নাথ, ধর হাত, চল সাথ	৩৬
নীল সিদ্ধু ওই গর্জে গভীর	৪০
পরশ লালসে, অবশ আলসে	৬৮
পীযুষ-সিক্কিট-সমীর-চঞ্চল	৩
প্রাণের পথ ব'য়ে গিয়েছে সে গো	৬১
প্রিয়ে, হ'য়ে আছি বিরহে হসন্ত	২৬
প্রেমে জল হ'য়ে যাও গ'লে	৫৭
'সুটিতে পারিত গো, কুটিল না সে	৬৫
মধুর সে মুখখানি কখনও কি ভোলা যার	৬২
মাগো; আমার সকুলি ভ্রাস্তি	৩৩
(মাগো) এ পাতকী ডুবে যদি যার	৩৪

মানবের মধ্যে শ্রেষ্ঠ সেই	৭৮
মায়ের দেওয়া মোটা কাপড়	৭১
ববে, স্বজন-বাসনা-কণা	২৩
বা' হয়েছে, হচ্ছে বা', আর যা' হবে	৪৯
যে দিন উপজিবে খাসকষ্ট ;—	৪৬
যে দিন তোমারে হৃদয় ভরিয়া ডাকি	২৮
যেমন, তীর জ্যোতির আধার রবিরে	২৯
যোগ কর প্রাণ মনে ;—	৫১
রূপসি নগর-বাসিনি !	৬৭
রে তাঁতী ভাই, একটা কথা	৬০
লোকে বলিত তুমি আছ	১৬
বিবেক বিমলজ্যোতিঃ	৩২
(বেরাই) কুটুম্বিতের স্থলে বউ দেবনা বলে	৯০
স্বামল-শস্ত্র-ভরা !	৬
সখিরে ! মরম পরশে তারি গান	৬৪
সম্পদের কোলে বসাইয়ে, হরি	১২
সে, এক বটে, তার শক্তি বহু	৫৩
(সে যে) পরম-প্রেম-সুন্দর	২২
সেখা আমি কি গাহিব গান?	১
স্নেহ-বিহ্বল, রূরূপা ছলছল	৭
স্বপনে তাহারে কুড়ারে পেরেছি	৬৩
হয়নি কি ধারণা	৮০



উদ্বোধন



ভারতকাব্যনিকুঞ্জে,—

জাগ স্তম্ভলময়ি.মা !

মুঞ্জরি তরু, পিক্ গাহি',

করুক প্রচারিত মহিমা !

তুলে লহ নীরব বীণা, গীত-হীনা,

অতি দীনা ;--

হের ভারত, চির-দুখ-শয়ন-বিলীনা

নীতি-ধর্ম-ময় দীপক মন্দ্রে,

জীবিত কর সঞ্জীবনমন্ত্রে,

জাগিবে রাতুল-চরণ-তলে,—

যত, লুপ্ত পুরাতন গরিমা ।

ভৈরবী—কাওয়ালী ।

বাণী

[আলাপে]

সূচনা

সেথা আমি কি গাহিব গান ?
বেথা, গভীর ওঙ্কারে, সাম-বঙ্কারে,
কাঁপিত দূর বিমান
বেথা, সুরসপ্তকে বাঁধিয়া বাঁধিয়া,
বাণী শুভ্রকমলাসীনা,
'রোধি' তটিনী-জল-প্রবাহ,
তুলিত মোহন তান ।

যেথা, আলোড়ি' চন্দ্রালোক' শারদ,
 'করি' হরিগুণগান নারদ,
 মন্ত্রমুগ্ধ করিত ভুবন,
 টলাইত ভগবান ।

যেথা, যোগীশ্বর-পুণ্যপরশে,
 মূর্ত্ত্যুঃরাগ উদিল হরষে ;
 মুগ্ধ কমলাকাস্ত চরণে
 জাহ্নবী জনম পান ।

যেথা, বৃন্দাবন-কেলিকুঞ্জে,
 মুরলী-ররে পুঞ্জে পুঞ্জে,
 পুলকে শিহরি' ফুটিত কুসুম,
 যমুনা যেত উজান ।

আর কি ভারতে আছে সে যন্ত্র,
 আর কি আছে সে মোহন মন্ত্র,
 আর কি আছে সে মধুর কণ্ঠ,
 আর কি আছে সে প্রাণ ?

গৌরী—একতালা

বাণী

স্নিগ্ধ-সিঞ্চিত-সমীর-চঞ্চল
কাঞ্চন-অঞ্চল দোলেলে !
সংশয়-নিরসন, ধীস্থিতি-বিতরণ
চরণে, জন-মন-ভোলেলে ।
চম্পক-অঙ্গুলি-সকরণ-পরশে
বাণী পঞ্চমে বোলেলে ;
জ্যোতিষ-দরশন-বেদ গণিত-কবিতা
শোভে কোমল কোলেলে ।
শুভ্র-রজত-গিরি-কিরণ-বিকিরণে,
অঙ্ক-নয়ন-যুগ খোলেলে ;
মাতিল ত্রিভুবন, বাক্য-বিধায়িনী-
বাণী-জয়-রব-রোলেলে ।

সোহিনী মিশ্র—কাওয়ালী

শক্তি-সঞ্চার

তব, চরণ-নিম্নে, উৎসবময়ী শ্যাম-ধরণী সরস ;

উর্ধ্বে চাহ, অগণিত-মণি-রফত-নভো-নীলাঞ্চলা

সৌম্য-মধুর-দিব্যাঙ্গনা, শাস্ত-কুশল-দরশা ।

দূরে হের চন্দ্র-কিরণ-উদ্ভাসিত গঙ্গা,

নৃত্য-পুলক-গীতি-মুখর-কলুষহর-তরঙ্গা ;

ধায় মস্ত-হরষে সাগরপদ-পরশে,

কূলে কূলে করি' পরিবেশন মঙ্গলময় বরষা ;

ফিরে দিশি দিশি মলয় মন্দ, কুসুম-গন্ধ বহিয়া।

আর্য্যগরিমা-কীর্ত্তিকাহিনী মুখজগতে কহিয়া।

হাসিছে দিগ্বালিকা, কর্ণে বিজয়মালিকা।

নবজীবন-পুষ্পবৃষ্টি করিছে পুণ্য-হরষা ।

ওই হের, স্নিগ্ধ সবিতা উদিছে পূর্ব-গগনে

কাস্তোজ্বল কিরণ বিতরি', ডাকিছে সৃষ্টি-মগনে

নিদ্রালস-নয়নে, এখনও রবে কি শয়নে ?

জাগাও, বিশ্ব-পুলক-পরশে, বক্ষে তরুণ ভরসা ।

ভৈরবী—জগদ একতালা:

জন্মভূমি

জয় জয় জনমভূমি, জননি !
 ঘাঁর, স্তম্ভস্বশ্যাময় শোণিত ধমনী ;
 কীর্ত্তি-গীতিজিত, স্তম্ভিত, অবনত,
 মুক্ত, লুক্ক, এই সুবিপুল ধরণী !
 উজ্জ্বল-কানন-শৌরক-মুক্তা—
 -মণিময়-হার-বিভূষণ-যুক্তা ;
 শ্যামল-শস্য-পুষ্প-ফল-পূরিত,
 সকল-দেশ-জয়-মুকুটমণি !
 সর্ব-শৈল-জিত, হিমগিরি শৃঙ্গে,
 মধুর-গীতি-চির-মুখরিত . ভূঙ্গে,
 সাহস-বিক্রম-বীৰ্য্য-বিমণ্ডিত,
 সঞ্চিত-পরিণত-জ্ঞান-খনি ।
 জননী-তুল্য তব কে মর-জগতে ?
 কোটি কণ্ঠে কহ, “জয় মা ! বরদে !”
 দার্ন বন্ধ হ'তে, তপ্ত রক্ত ছুলি'
 দেহ পদে, তবৈ খন্ড গণি !
 মিশ্র পরোজ—কাওয়ালী

ভারতভূমি

শ্যামল-শস্য-ভরা !
 (চির) শান্তি-বিরাজিত পুণ্যময়ী
 ফল-ফুল-পূরিত, নিত্য-সুশোভিত,
 যমুনা-সরস্বতী-গঙ্গা-বিরাজিত ।
 পৃষ্ঠটি-বাজিত-হিমাদ্রি-মণ্ডিত,
 সিন্ধু-গোদাবরী-মাল্য-বিলম্বিত,
 অলিকুল-গুঞ্জিত-সরসিঙ্গ-রঞ্জিত ।
 রাম-যুধিষ্ঠির-ভূপ-অলঙ্কৃত,
 অর্জুন-ভীষ্ম-শরাসন-টঙ্কৃত,
 বীরপ্রভাপে চরাচর শঙ্কিত ।
 সামগান-রত-আর্য্য তপোধন
 শান্তি-সুখাঘ্নিত কোটি তপোবন,
 রোগ-শোক-দুখ-পাপ-বিমোচন ।
 ওই সুদূরে সে নীর-নিধি—
 ঝরু, তীরে হের, দুখ-দিগ্ধ-হৃদি,
 কঁাদে, ওই 'সে ভারত, হায় বিধি!

ভৈরবী—কাওয়ালী

মা

স্নেহ-বিহ্বল, করুণা-চলছিল,
 শিয়রে জাগে কার আঁখিরে !
 মিটিল সব ক্ষুধা, সঞ্জীবনী সুখা
 এনেছে, অশরণ লাগিরে ।
 শ্রান্ত অবিরত যামিনী-জাগরণে,
 অবশ কৃশ তনু মলিন অনশনে ;
 আত্মহারা, সদা বিমুখী নিজ সুখে,
 তপ্ত তনু মম, করুণা-ভরা বুকে
 টানিয়া লয় তুলি', বাতনা-তাপ ভুলি',
 বদন-পানে চেয়ে থাকিরে !
 করুণে বরষিছে মধুর সাস্ত্বনা,
 শাস্ত করি' মম গভীর যন্ত্রণা ;
 স্নেহ-অঞ্চলে মুছায় আঁখিজল,
 ব্যথিত মস্তক চুষে অবিবল,
 চরণ-ধূলি সাথে, আশীষ রাখে মাথে,
 স্তপ্ত হৃদি উঠে জাগিরে ।

আপান মঙ্গলা, মাতৃরূপে আসি।

শিয়রে দিল দেখা পুণ্য-স্নেহ-রাশি,
 বক্ষে ধরি' চির-পীষু-নির্ঝরি,
 নিরাশ্রয়-শিশু-অসীম-নির্ভর ;
 নমো নমো নমঃ, জননি দেবি নম !
 অচলা মতি পদে মাগিরে ।

মিশ্র ইমন—তেওরা



আশা

ধরে তোল, কোথা আছ কে আমার !

এ কি বিভীষিকাময় অন্ধকার !

কি এক রাঙ্গসী মায়া, নয়নমোহন-রূপে
ভূলায়ে আনিয়া মৌরে কেলে গেল মহাকূপে !

শ্রমে অবসন্ন কায় কণ্টক বিঁধিছে তার.

বৃশ্চিক দংশিছে, অনিবার !

পুণ্ড্রসায় শুষ্ক কণ্ঠে, শরীর কর্দমলীন,

আর যে উঠিতে নারি, হইয়াছি বলহীন ;

এ বিপন্ন, পথভ্রাস্ত, অন্ধ, দীন, নিরুপায়,

দেখিয়া, কাহারো 'দয়া হ'লনারে হায় হায় !

ইন-স্বার্থময় ধরা, শুধু নিষ্ঠুরতা-তরা ;

শুধু প্রবঞ্চনা, অবিচার।

আজ শুধু মনে হয়, শুনিয়াছি লোকমুখে.

আছে মাত্র একজন, চিরবন্ধু দুখে সুখে ;

বিপন্নের ত্রাণকর্তা, নিরাশ প্রাণের আশা.

পাপপথে পরিভ্রাস্ত ভ্রাস্ত পথিকের বাসা ;

কাঁদিলে সে কোলে করে, মুছে অশ্রু নিজ করে.

(আজি) সেই যদি করে গো উদ্ধার !

মিশ্র ইমন--কাণ্ডালী

নির্ভর

তুমি, নির্মল কর, মঙ্গল-করে
 মলিন মর্ষ মুছায়ে ;
 তব, পুণ্যকিরণ দিয়ে থাক, মোর
 মোহ-কালিমা যুচায়ে ।
 লক্ষ্য-শৃঙ্খল লক্ষ্য বাসনা
 ছুটিছে গভীর অঁধারে,
 জানিনা কখন ডুবে যাবে কোন্
 অকূল-গরল-পাথারে !
 প্রভু, বিশ্ববিপদহস্তা,
 তুমি, দাঁড়াও রুধিয়া পস্থা,
 তব, শ্রীচরণতলে নিয়ে এস, মোর
 মন্ত-বাসনা গুছায়ে ।
 আছ, অনল-অনিলে, চিরনভোনীলে,
 ভূধরসলিলে, গহনে,
 আছ, বিটপিলতায়, জলদের গায়,
 শশিতারকায় তপনে,

আমি, নয়নে বসন বাঁধিয়া,
ব'সে, অঁধারে মরিগো কাঁদিয়া
আমি, দেখি নাই কিছু, বুঝি নাই কিছু,
দাও হে দেখায়ে বুঝায়ে ।

ভৈরবী জলদ—একতাল।



সখা

আমি তো তোমারে চাহিনি জীবনে,

তুমি অভাগারে চেয়েছ ;

আমি না ডাকিতে, হৃদয়-মাঝারে

নিজে এসে দেখা দিয়েছ !

চির-আদরের বিনিময়ে, সখা,

চির-অবহেলা পেয়েছ ;

(আমি)—দূরে ছুটে যেতে, দু'হাত পসারি'.

ধ'রে টেনে কোলে নিয়েছ !

“ওপথে যেওনা, ফিরে এস,” ব'লে

কাণে কাণে কত ক'য়েছ ;

(আমি) তবু চ'লে গেছি ; ফিরায়ে আনিতে

পাছে পাছে ছুটে গিয়েছ ।

(এই) চির-অপরাধী পাতকীর বোঝা

হাসি-মুখে তুমি ব'য়েছ ;

(আমার) নিজহাতে গড়া বিপদের মানে,

বুকে ক'রে নিয়ে রয়েছ !

মিশ্র কান্নেড়া—একতারা

মুক্তিকামনা

ওই, বধির যবনিকা তুলিয়া, মোরে প্রভু,
 দেখাও তব চির-আলোক-লোক ।
 ওপারে সবই ভাল, কেবল সুখ-আলো,
 এ পারে সবই ব্যথা, অঁধার, শোক !
 মাঝে হস্তর কঠিন অস্তর,
 শ্রান্ত পথিকেরে বলিছে 'সর সর',
 ওই, তোরণপাদদেশে, পিপাসাতুর এসে,
 ফিরে কি যাবে, ল'য়ে চির-বিয়োগ ?
 ওই নিষ্ঠুর অর্গল, করুণ শৃঙ করে,
 মুক্ত করি' দেহ, আতুর-দীন-তরে ;
 পিপাসা দিলে তুমি, তুমিই দিলে ক্ষুধা,
 তোমারি কাছে আছে শান্তি-সুখ-সুধা ;
 পাবে, অধীর ব্যাকুলতা, তোমাতে-সফলতা,
 হউক তব সনে অমৃতযোগ ।

মিশ্র ইমন—তেওরা

পরিদেবনা

- ভব, করুণা-অমিয় করি' পান,—
 যত. পাপ. তাপ, দুঃখ, মোহ, বিষণ্ণতা.
 নিরাশ, নিরুত্তম, পায় অবসান ।
 এই. পাপ-চিত্ত, সদা তাপ-লিপ্ত রহি',
 এনেছে ছুরপনেয় মৃত্যুবিকার বহি'.
 দিতেছে দারুণ দাহ হৃদয়-দেহ দহি',
 দেবতা গো, দয়া করি' কর পরিত্রাণ
 ভব. অমৃতপানে এই বিকৃত প্রাণে মম,
 স্থানভেদে হয় কালকূট-সম,
 হৃদয়ে বহিছালা, নয়নে অন্ধ-তমঃ
 কোথা শাস্তিনিদান, 'কর শাস্তিবিধান :

নিপট কপট তুহঁ শ্রাম—স্বর

বন্ধনাময়

(আমি) অক্লান্তী অধম ব'লেও তো, কিছু
ক'রে মোরে দাওনি !

যা'দিয়েছ তারি অযোগ্য ভাবিয়া,
কেড়েও তো কিছু নাওনি :

(তব) আশীষ-কুসুম ধরি নাই শিরে,
পা'য়ে দ'লে গেছি, চাহি নাই ফিরে ;
তবু দয়া ক'রে কেবলি দিয়েছ,

প্রতিদান কিছু চাওনি ।

(আমি) ছুটিয়া বেড়াই জানিনা কি আশে,
সুখা-পান ক'রে, মরি গো পিয়সে ;
তবু, বাহা চাই সকলি পেয়েছি ;

তুমি তো কিছুই পাওনি ।

(আমায়) রাখিতে চাও গো, বাঁধনে আঁটিয়া,
শত-বার যাই বাঁধন কাটিয়া,

ভাবি, ছেড়ে গেছ,—ফিরে চেয়ে দেখি,

এক পাও ছেড়ে যাওনি ।

রোহাগ—একতাল

ভ্রান্তি

লোকে বলিত তুমি স্নান,
 ভেবে দেখিনি আছ কিনা,
 তখন আমি বুঝিনি, প্রভু,
 নাস্তি গতি তোমা বিনা ।
 তোমারি গৃহে বসতি করি,
 খেয়েছি তোমারি অন্ন,
 তোমারি বায়ু দিতেছে আয়ু,
 বেঁচে আছি তোমারি জন্ম ;
 ক্ষুধা হ'রেছে তব ফলে,
 পিপাসা গেছে তব জলে ;
 সেকি ভুল, যে ভুলে ভুলে,
 প্রভু, তোমারি নাম করিনা !
 তোমারি মেঘে শশ্য আনে,
 ঢালি' পীযুষ-জল-ধারা,
 অবিরত দিতেছে আলো,
 তোমারি রাব-শশি-তারা,

বাণী

শীতল তব স্বপ্নছায়া,
সেবে নিয়ত, ক্লাস্ত কায়া,
(তবু) জেয়ারি দেওয়া মন র'য়েছে
ভুলে তোমারি গুণ-গরিমা !

মিশ্র বিভাস—বাঁপতাল



প্রার্থনা

(ওরা)—চাহিতে জানে না, দয়াময়
 চাহে ধন, জন, আয়ুঃ, আরোগ্য, বিজয় ।
 করুণার সিন্ধু-কূলে বসিয়া, মনের ভূলে
 এক বিন্দু বারি তুলে, মুখে নাহি লয় ;
 ভীরে করি' ছুটাছুটি, ধূলি বাঁধে মুঠি মুঠি,
 পিয়াসে আকুল হিয়া, আরো ক্লিষ্ট হয় ।
 কি ছাই মাগিয়ে নিয়ে, কি ছাই করে 'তা' দিয়ে,
 দু'দিনের মোহ, ভেঙ্গে চুরমার হয় ;
 তথাপি নিলাজ হিয়া, অহাব্যস্ত তাই নিয়া,
 ভাসিতে গড়িতে, হ'য়ে পড়ে অসময় ।
 আহা ! ওরা জানে না ত, করুণানির্ঝরনাথ,
 না চাহিতে নিরন্তর ঝর ঝর বয় ;
 চির-ভৃগু আছে বাহে, তা' যদি গো নাহি চাহে,
 তাই দিও দীনে, বা'তে পিয়াসা না রয় ।

বারোয়ারী—ঠুংরি

সুখ দুঃখ

সম্পদের কোলে বসাইয়ে, হরি,

সুখ দিয়ে এ পরীক্ষে !

(আমি) সুখের মাঝে তোমায় ভুলে থাকি ;

(অমনি) দুখ দিয়ে দাও শিক্ষে ।

মত্ত হ'য়ে সদা পুত্র-পরিবারে,

ধন-রত্ন-মণি-মাণিক্যে,

(আমি) ধুয়ে মুছে ফেলি তোমার নামগন্ধ,

ম'জে তার চাক্চিক্যে ।

নিলাজ হৃদয় ভেঙ্গে সব ল'ও,

দুখ দিয়ে দাও দীক্ষে ;

(আমার) বাধা গুলো নিয়ে, অভয় চরণ,

(আর) ভিক্ষার বুলি, দাও ভিক্ষে ।

ভারবোঁ—একতালোঁ

তোমারি

তোমারি দেওয়া প্রাণে, তোমারি দেওয়া দুঃখ।
 তোমারি দেওয়া যুকে, তোমারি অনুভব ।
 তোমারি ছ'নয়নে, তোমারি শোকবারি.
 তোমারি ব্যাকুলতা, তোমারি হা হা রব ।
 তোমারি দেওয়া নিধি, তোমারি কেড়ে নেওয়া
 তোমারি শঙ্কিত আকুল পথ চাওয়া ।
 তোমারি নিরজনে ভাবনা আনমনে,
 তোমারি সাস্বনা, শীতলসৌরভ ।
 আমিও তোমারি গের, তোমারি সকলি ত্র.
 জানিয়ে জানে না, এ মোহ-হত চিত,
 আমারি ব'লে কেন, ভ্রাস্তি হ'ল হেন,
 ভাস্ক এ অহমিকা, মিথ্যা গৌরব ।

আলেক্সা বিশ্ব—তেওয়া

আশ্রয়

কার কোলে ধরা লভে পরিগতি ?

(সেই) অপার কারণসিন্ধু ।

কার জ্যোতিঃ-কথা ব্রহ্মাণ্ড উজলে ?

(সেই) চিরনির্মল ইন্দু ।

কীর পানে ছোটে রবি-শশি-তারা ?

নাহি পথ-ভ্রাস্তি, স্থির অঁখিতারা ?

ভ্রমে মেঘ বায়ু হ'য়ে আত্মহারা ?

(সে) সচ্চিদানন্দবিন্দু ।

কার নাম স্মরি' দুখে পাই শান্তি ?

বিপদে পাই অভয়, মোহে যায় ভ্রাস্তি ?

কণর-মুখকাস্তি, হরে ভব-ভ্রাস্তি ?

(সেই) নিখিল-পরমবন্ধু ।

গৌরী—একতা

পরম দৈবত

(সে যে) পরম-প্রেম-সুন্দর

• জ্ঞান-নয়ন-নন্দন :

পুণ্য মধুর-নিরমল,

জ্যোতিঃ জগত-বন্দন !

নিত্য-পুলক-চেতন, শাস্তি-চির-নিকেতন,০

ঢাল চরণে, রে মন, ভকতি-কুসুম-চন্দন ।

স্বরট মল্লার—স্বরলাক



বিশ্ব-রচনা

হবে, সৃজনবাসিনা-কৃণা, লয়ে' কৃণা-আঁখি-কোণে,

চাইলে, 'হে রাজ-অধিরাজ !

অমনি, নিমেষে বিরাট বিশ্ব, চরণে করিয়া নতি,

মহাশূন্যে করিল বিরাজ !

মহালোক-সিন্ধু হ'তে এক বিন্দু ল'য়ে করে,

প্রক্ষেপ করিলে, বিভূ, অন্ধকার চরাচরে ;

অমনি চরণতলে, আলোকমণ্ডিত বিশ্ব,

সম্বরিল জ্যোতিঃস্রোতোমাঝ ;

মহাশক্তি-ভূণ হ'তে হেলায় একটি বাণ

নিষ্ক্ষেপিলে, জড়বিশ্ব অমনি পাইল প্রাণ ;

হ'ল মহাবেগে ঘূর্ণ্যমান, আলোড়ি' মহাবিমান,

অগণিত জ্যোতিষ্কসমাজ ।

আনন্দ-কণিকামাত্র পড়িল ব্রহ্মাণ্ডশিরে,

হাসিল এ চরাচর পুলকে শিহরি' ধীরে

বহিল আনন্দধারা, জড়-জীবে মাতোয়ারা,

পরি' তব আৰতির সাজ

চিরপ্রেম-নির্ঝরের একটি বৃদ্ধ ল'য়ে
 ফেলে দিলে, প্রেমধারা চলিল অশ্রাস্ত ব'য়ে,
 অমনি, জননী করিল স্নেহ; সতীপ্রেমে পূর্ণ গেহ,
 গ্রহ ছুটে এ উহার পাছ।

হেলায় ছিটায় দিলে, অক্ষয়-সৌন্দর্য-তুলি,
 ভাবচ্ছটা উজ্জলিল মোহন বদন তুলি,
 অমনি, অনন্ত বরণ আসি, ছড়াইল শোভারাগিণী
 ধন্য তব নিত্যকারুকাঙ্ক্ষা !

তুমি কি মহান্, বিভু, আমি কি মলিন, ক্ষুদ্র,
 আমি পঙ্কল সলিলবিন্দু, তুমি যে সুধাসমুদ্র
 তবু, তুমি মোরে ভালবাস, ডাকিলে হৃদয়ে এস,
 তাই এত অযোগ্যের লাজ।

মিশ্র ইমন— কং. ৩৪

উষা-বিকাশ

চব, শাস্তি-অরুণ-শাস্ত-করুণ
-কনক-কিরণ-পরশে।

দাগে প্রভাত হৃদি-মন্দিরে,
চরণে নমিয়া হরষে :

আরতি উঠে বাজিয়া ধীরে,
সৌরভ ছুটে যুহু সমীরে,
প্রেম-কমল হাসে, ভাসে

শাস্ত-মরম-সুরসে ।

সংশয়, দ্বিধা, তর্ক, দ্বন্দ্ব,
দূরে যায়, বিমলানন্দ
পানে, জ্ঞান-নয়ন, সফল,

প্রীতি-অশ্রু বরষে ।

বায়োয়'—একতাল

আর চাহিব না!

(আমি) দেখেছি জীবন ভ'রে চাহিয়া কত ;

(তুমি) আমারে যা' দাও, সবই তোমারি মত ।

আকুল হইয়ে মিছে, চেয়ে মরি কত কি যে,

(কাঁদে) পদতলে নিষ্ফল বাসনা শত ৷

কিসে মোর ভাল হয়, তুমি জান, দয়াময়,

(তবু) নির্ভর জানে না, এ অবিনত ।

আমি কেন চেয়ে মরি, তুমি জান কিসে, হরি,

সফল হইবে মম জীবন-ব্রত ।

চাহিব না কিছু আর, দিব শ্রীচরণে ভার,

হে দয়াল, সদা মম কুশল-ব্রত ।

হাবীর--কাওয়ালী

হৃদয়-কুসুম.

তার, মঙ্গল আরতির রেজে উঠে শাঁক !
সেই, প্রেম-অরুণের হেম-কিরণে ফুটে থাক
দেখে শোভা, পিয়ে সুধা,
মিটে ফাক নিখিলের সুধা,
আঁপনা বিলিয়ে দে রে,
সব তৃষাতুর (সে সুধা)

ছুটে থাক ।

স্নিগ্ধ মলয় ব'য়ে মন্দ,
ছাড়িয়ে দিক তোর বিমল গন্ধ,
অরুণপানে চেয়ে চেয়ে,
দলগুলি তোর, (ও হৃদি-ফুল,) (ধীরে ধীরে
টুটে যাক ।

বাউলের স্বর—গড় খেমটা ।

প্রেমারঞ্জন

যে দিন তোমারে হৃদয় ভরিয়া ডাকি,
শাসন-বাক্য মাথায় করিয়া রাখি —

কে যেন সেদিন অঁাখি-ভরিকায়.

মোহন-তুলিকা বুলাইয়া যায়,

সুন্দর, তব সুন্দর সব,

যে দিকে ফিরাই অঁাখি !

স্কুটতর ঐ নভো-নীলিমায়,

উজ্জ্বলতর শশধর ভায়,

সুমধুরতর পঞ্চমে গায়

ক্ৰঞ্জভবনে পাখী ।

দেহ হৃদয়ে পাই নব বল,

দূরে যায় ক্ষুদ্রতা ছল

কে যেন বিশ্ব-প্রেম সরল,

প্রাণ দিয়ে যায় নাখি' ।

যেন তোমার পুণ্যপরশ,

ক'রে তোলে এই চিত্ত সরস,

উথলিয়া উঠে বন্ধে হরষ,

বিবশ হইয়া থাকি !

ভৈরবী—একতালা

বহিরন্তর

যেমন, তীব্র জ্যোতির আধার রবিরে,

প্রভাতে তুলিয়া ধর ;

আর, কিরণ-ছটায় ভাসাইয়া দিয়া,

এ ধরণী আলো কর ;—

নিশার আধারে হইয়া আবৃত,

লুকায় ধরায় বঞ্চনা, অনৃত,

প্রভাতে তাদের নগ্নতা প্রকাশি',

লাজে কর জড়সড়' ;

যেমনি, নিবিড় মোহের আধারে, আমার

হৃদয় ডুবিয়া আছে ;

কত পাপ, কত দুরভিসন্ধি,

আধারে লুকায়ে বাঁচে ;

দিবা আলোক ! প্রাণে এস, নাথ !

হউক আমার মঙ্গল-প্রভাত,—

তাদের লুকাবার স্থান, ভাঙ্গ, ভগবান,

তারা লাজে ধোঁহাক মরমর ।

শ্রীকর্তনের ভাঙ্গ স্বর—গড় খেঁচতা

সফল-মহুৰ্ত্ত

কোন শুভগ্রহালোকে, কি মঙ্গল-যোগে,

চকিতে যেন গো, পাই দরশন !

সেই, ক্ষুদ্র একপল, কৃতার্থ সফল,

রোমাঞ্চিত তনু, করে ছনয়ন ।

আয়ুঃ যদি হ'ত সেই এক বিন্দু,

কে চাহিত দীর্ঘ-বিষাদের সিন্ধু ?

ভোমায় দেখিতে দেখিতে, ফুরা'ত চকিতে,

ভবের বিপদ, সম্পদ, হরৎ, রোদন ।

আঁখি মুদি', আমার নিখিল উজল,

আঁখি মেলি', আমার আঁধার সকল,

কোন পুণ্যে পাই, কি পাপে হারাই,

তুমি জান গো, সাধক-শরণ :

তব যাত্রা-সনে, যদি হয় লোপ

ধরণীর মায়া, নাহি রয় ক্ষোভ,

সবই ফিরে আসে, ভাস্করদিপাশে,

কেবল, হারাইয়া যায় সাধনার ধন :

দেবতা, আমারে কেন হুঃখ দাও,
'দাঁড়াও' বলিতে, দূরে চলে' যাও,
ডেকে ডেকে মরি, ফিরে নাহি চাও,
: দয়াময় ! কেন নিদয় এমন ?

বিভাঘ—একতাল্লা



এস

বিবেকবিমলজ্যোতিঃ

ডেলেছিলে তুমি হৃদয়-কুটীরে
তোমারি আলোকে তোমাতে দেখেছি ;

তোমারি চরণ'ধ'রেছি শিৱে ।

যৌবনে, হরি, ছাইল ভীষণ

অবিশ্বাস ঘনমেঘে ;

বহিল প্রবল পাপ-পবন ;

ডুবাইল ঘোর অন্ধ-ভিমিরে ।

আরো একবার এস, প্রভু এস,

দীপ্ত মিহির-রূপে ;

পাপ-যামিনী পোহাইবে, উষা

উদবে পুণ্য-কিরণে, ধীরে ।

•টেরী ভৈরবী—একতালা

মায়া

মাগো আমার সকলি ভ্রাস্তি ।

মিথ্যা জগতে, মিথ্যা মমতাঃ;

মরুভূমি শুধু, করিতেছে ধু ধু !

হেথা কেবলি পিয়াসা কেবলি শ্রাস্তি ।

যরে, অরুণ-কিরণে নব-দিবা জাগে,

ফোটে নব ফুল, নব অমুরাগে,

ভুলি মা তখন কি কাল ভীষণ

অঁধারে ডুববে কনক-কাস্তি ।

পুত্র-পরিজনে হ'য়ে পরিত্যক্ত, .

ভাবি, এ আনন্দ অনন্ত, অমৃত ;

মনে নাহি হয়, মরণ-সময়

“হৃদয়বান্ধবা বিমুখা যাস্তি ।”

দিনে দিনে দীনের ফুরাইল দিন,

দীনতারা, যুচাও দীনের ছদ্দিন,

‘আশা’ রূপে মাগো, নিরাশ প্রাণে জাগো,

দিয়ে ও চরণ, অক্ষয়শাস্তি ।

বসন্ত বাহান্ন—একতাল্লা

মোহ

- (মাগো) এ. পার্তীকী ডুবে যদি যায়
 অন্ধকারচিরমরণসিন্ধু-নীরে,—
 তোমার মহিমা কিছু বাড়িবে না তায় ;
- (কত) জ্ঞান, বুদ্ধি, বল, স্নেহ, করুণা, দেহ,
 স্বাস্থ্য, সাধু-জন-সঙ্গ, বন্ধু, গেহ,
 নিষ্কলঙ্ক মন, মধুময় পরিজন,
 পুণ্য-চরণ-ধূলি দিয়েছ আমায় ।
- (মম) সুপ্তহৃদয় করি' নয়ন-নির্মীলন,
 না করিল তব করুণা-অনুশীলন ;
 মোহ ঘিরিল মোরে, রহি' চির-যুম-ঘোরে,
 ব্যর্থজীবন গেল ফুরাইয়ে, হায় !
- (এস) দীনদয়াময়ি ! রক্ষ রক্ষ, লহ
 কোলে ; ভীত, হেরি' নরক ভয়াবহ ;
 দুষ্কৃত এ পতিতে, হবে গো স্থান দিতে,
 অংশরণের শরণ শ্রীচরণ-ছায় ।
- নিপট কপট ভূঁহ শ্রাম—স্বর

খেলা-ভঙ্গ

কোলের ছেলে, ধূলো বেড়ে, তুলে নে কোলে,
 ফেলিস্ নে মা, ধূলো-কান্না মেখেছি ব'লে ।
 সারা দিনটে ক'রে খেলা, ফিরেছি মা সাঁঝের বেলা
 (আমার) খেলার সাংখী, যে যার মত, গিয়েছে চ'লে ।
 কত আঘাত'লেগেছে গায়, কত কাঁটা ফুটেছে পায়,
 (কত) প'ড়ে গেছি, গেছে সবাই, চরণ দ'লে ।
 কেউ তো আর চাইলে না ফিরে, নিশার অঁধার
 এল ঘিরে,
 (তখন) মনে হ'ল মায়ের কথা, নয়নের জলে !

ভৈরবী—ঝাঁপতাল



আশ্রয় ভিক্ষা

নাথ, ধর হাত, চল সাথ, চিরসাথি হে !
 ভ্রাস্তচিত্ত শ্রাস্তপদ, ঘিরিল দুখরাতি হে !
 শ্রমজ-জল-বিন্দু ঝরে ব্যধিত এ ললাটে হে ;
 ছিন্ন-রুধিরাক্ত পদ, কণ্টকিত বাটে হে !
 ক্ষীণ হ'ল দৃষ্টি, অতিভীত তনুবেদনা ;
 ক্ষণে তোমারে পড়িছে মনে, ক্ষণে রহিত চেতনা
 ভগ্নহৃদে, কম্পবুকে পড়িয়া পথপাশে গো ;
 দূর হ'তে ভীত পরিহাসে কে ও হাসে গো !
 ক্ষেমময় ! প্রেমময় ! তার নিরুপায়ে হে ;
 মরণদুঃখহরণ ! চিরশরণ দেহ পায়ে হে !

কীর্তনের সুর—কাঁপতাল

জয় দেব

জয় নিখিল-স্বজনলয়কারী, নিরাময় !
 জয় এক, জয় অনেক, অসীম-মহিমময়
 জয় সূক্ষ্ম, স্থূল, জয় অস্ত্র মূল,
 জয় জ্ঞাননিয়মি, কৃত-কলুষ-রুপাময় !
 জয় হে ভয়ঙ্কর ! জয় পরমসুন্দর !
 জয় ভক্ত-হৃদয়-পরিপ্লাবি-সুধাময় !
 জয় হৃদয়রঞ্জন ! জয় বিপদভঞ্জন !
 জয় পাপহরণ ! চিরশরণ ! করুণাময় !

নট বেহাগ—কাঁপতাল*



কল্লোলগীতি :

কুলু কুলু কুলু নদী ব'য়ে যায় রে ভাই !
 তোরে ব'সে ভাবিছ বুঝি, কি বলে ছাই ?
 তা' নয়, তোরা ভাল ক'রে শুন্বি যদি কাছে আয়,
 তারি একটা মজার গান নেচে নেচে গেয়ে যায় !
 সবারি কি আছে কাণ ? কেমন ক'রে শুনবে গান ?
 যেমন নাচে, তেমনি গায় সে—

কোথায় লাগে নাটক, যাত্রা, খেমটা বাই ?
 নদী বলে, “আমি মস্ত গিরি-রাজার মেয়ে গো ।
 বাবা তো নামান না মাথা, কারো কাছে যেয়ে গো ।
 নিশি দিন উর্দ্ধে চান, মেঘে তাঁর করায় স্নান,
 যোগি-ঋষিদের দেন স্থান—

নিজে মহাযোগী, বাহুজ্ঞান তো নাই ।
 'ভরঞ্জিণী' নামটি বাবা আদর ক'রে দিয়েছে,
 একাগ্রতা, একনিষ্ঠা, যতনে শিখিয়েছে,
 বাবার কাছে সাগরের, রূপগুণ শুনেছি ঢের,
 তাইতে স্বয়ংস্বরা হ'তে—
 সে প্রশান্ত সাগর পানে ছুটে বাই ।

কুলে তোরা সংসার পেতে, মায়ায় ভুলে রয়েছিস্,
 কঁড় ফলে, আর ফুলের বাগান, দালান কোঠা ক'রেছিস্,
 আমি গিরে লাগাই গোল, পেতে দি' এই নিষ্ঠুর কোল,
 একটি মাত্র কূল রাখি, আর—

কাঁদিয়ে তোদের, আর এক কূলের মাথা খাই ।
 আমার সঙ্গে পারবি তোরা ? আমায় ধ'রে রাখবি কেউ,
 কি টানে টেনেছে আমায়, উঠছে বুকে প্রেমের ঢেউ,
 (আমার) প্রাণের গানে স্তম্ভা ঢেলে
 প্রাণের ময়লা নীচে ফেলে.

বাণী ভেঙ্গে চুরে গেলে,—

কেমন ক'রে মাছি চ'লে দেখ না তাই !”

ব'উলের মূর—কাহারোয়া



সিন্ধু-সঙ্গীত

নীল সিন্ধু ওই গর্জিত গভীর :

ভৈরব-রাগ-মুখর করি' তাঁর

অচল-উচ্চ-চল-উর্শ্বি-মালশত

শুভ্র ফেন-যুত, রঙ্গ অধীর :

ভীতি-বিবর্ধন, তাণ্ডব নর্তন,

ভীম রোলে করি শ্রবণ বধির ।

সিন্ধু কহে, "তব ভূমিখণ্ড কত

ক্ষুদ্র, 'হের মম বিপুল শরীর ;

তীত্র হরবে মম অঙ্গ পরশে.

কি তরঙ্গ তুলিয়া, চির-সঙ্গি-সমীর ।

রত্ন-রাজি কত, যত্ন-সুরঙ্গিত.

সঙ্কিত কোষ লুব্ধ ধরণীর ;

সার্থকতা লভে মধ্ব তরঙ্গিনী.

আসি' পদে মিলি', পতি জলধির !

(আনি) ইন্দ্রচাপ-নিভ-স্নিগ্ধ মনোহর
 বর্ণে সুরঞ্জিত, কিরণে রবির
 পারিজাত তরু, অমৃত, সুধাকর,
 মন্ত্রনে তুলিল সুরাসুর বীর ।
 (কত) অর্ণবদেপাত পণ্য, ভরি' ধাইছে
 কর্ণে সুপরিচিত নাবিক ধীর ;
 ভগ্ন শেষ কত, করিছে প্রমাণিত,
 ক্রব-পরিহাস নিষ্ঠুর নিয়তির ।
 (যবে) অন্ত-ধারে ভরি' পিতৃবক্ষ, ভয়
 উদয় মনোরম পূর্ণ শশীর ;
 মন্ত হরষে, যেন বীচি-হস্তে, ধরি'
 আনি' আলো করি হৃদয়-কুটীর
 'চন্দ্র-বরহে পুনঃ উদ্বেলিত চিত,
 আবৃত করে ঘন-দুঃখ-ভিমির ;
 করি, সজ্জিত, সুন্দর, প্রচুর-পুষ্প-ফল
 শস্য-রাশি দিয়ে দেহ ম'হীর !
 লক্ষ-পুরাতন-সন্ধি সমর-ইতি
 হাস বিমিশ্রিত এ বিপুল নীর ;

দীনে দান কত করিণ্ড অকাতরে,
 সম্পদ লয়ে গর্বিত নৃপতির ।
 (ভব) শক্তিপুঞ্জ মম যুঁহি হেরি',
 হয় স্তম্ভিত, ভীত, পদানত শির ,
 সর্ব গর্ব মম বীর রূপাললে,
 নমি সে স্রমঙ্গল-পাদে প্রভুজীর ।”

শিশু গৌরী-- কাঞ্চালী



বঙ্গমাতা

নমো নমো নমো জননি বঙ্গ :
উত্তরে এ অভভেদী,

অতুল, বিপুল, গিরি অলঙ্কা
দক্ষিণে সুবিশাল জলধি,
চুম্বৈ চরণ-তল নিরবধি,
মধ্যে পৃথ-জাকুবী-জল

-ধৌত শ্যাম-ক্ষেত্র-সঙ্গ ;
বনে বনে ছুটে ফুল-পরিমল,
প্রতি সরোবরে লক্ষ কমল,
অমৃতবারি সিক্তে, কোটি
তটিনী, মন্ড, খর-তরঙ্গ ;
কোটি কুঞ্জে মধুপ গুঞ্জে,
নব কিশলয় পুঞ্জে পুঞ্জে,
ফল-ভর নত শাখি-বৃন্দে

নিত্য শোভিত'অমল অঙ্গ :

স্বরট মঙ্গল --একতারা

আয়ুভিক্ষা

আজি, শিথিল সব ইন্দ্রিয়, চরণ কর নিষ্ক্রিয়,
 তিমিরময় প্রাণপ্রিয় গেহ ;
 কে. শাস্তি-সুখ দূর করি', বজ্রকরে কেশ ধরি'.
 বেগভরে শৃঙ্খে তোলে দেহ !
 হে, পুঞ্জ-অলি-গুঞ্জরণ-মঞ্জুল-নিকুঞ্জ-বন !
 সজ্জিত-বিলাস-গৃহ রমা !
 দাসে গণ-জুট, পরিপূরিত সুগীত রবে,
 দীনজন-চির-অনধিগম্য ।
 হে হেমমুকুট ! মণি-রঞ্জিত সুমঙ্গ শতন
 দীপ্ত মতি-হীরক-প্রবালে ;
 চন্দন-প্রলিপ্ত-মৃগনাভি ! হে কস্তুরী !
 সুরভিত সুগন্ধি-ফুল-মালে ।
 কমল-কুল-মণ্ডিত, মধুপ-কল-গুঞ্জিত,
 নির্মল, প্রশান্ত, শতবাপি !
 বন, ভবন-চারি-শুকসারী-পিক-পাপিয়া !
 পুচ্ছধর সুন্দর কলাপি !

হে রাজছত্র ! হে রাজপদ-গৌরব !
হে হস্ত্যা ! রত্ন-গজ-রাজি !
(আজি) বিপলমিত-আয়ু কর দান, চিরসেবিত
বন্ধু মম, হে বিভবরাজি !

স্বর্ণরত্ন গুণ — স্বর



শেষ দিন

যেদিন উপজিবে শ্বাসকষ্ট ;—

বায়ু-পিত্ত-কফের নাড়ী হয়ে ক্ষীণ,

হবে নিজ নিজ স্থান-ভ্রষ্ট ।

উচ্ছাশক্তির ক্রিয়া থাকবে না হাত-পায়ে,

রসনা হবে আড়ষ্ট ;

সকুৎ, গ্ৰীহা, ছৎপিণ্ড, পাকস্থলী,

মূত্রাশয় হবে দুষ্টি ;

বাইরের প্রতিবিশ্ব, প'ড়বে না নয়নে,

হবি কাল-তন্দ্রাবিষ্টি ;

কাণের কাছে কামান দা'গ্লে শুন্বি নায়ে,

প'ড়ে রইবি যেন সরল কাষ্ঠ !

গায়ে ঠেসে ধ'রলে জ্বলন্ত অঙ্গার,

'উছ' বলবি না নিশ্চেষ্ট ;

কেবল, বুকের কাছে একটু থাকবেরে ধুকধুকি

আর, ঈষৎ নড়বে শুষ্ক গুষ্ঠ ।

মাথা চিরে দিবে সস্ত্র কালকূট,
 কিন্তু হায়রে, বিধাতা রুক্ষ,
 শেষ ঔষধের ক্রিয়া বিফল হ'লে, বৈষ্ণ
 জবাব দিয়ে যাবে স্পর্ষট ।
 দাসদাসী পত্নী-পুত্র-পুত্রবধূ-
 -আদি পরিজনজুট,—
 মলমূত্রে, কফে, জ'ড়ে প'ড়ে, রবে,
 এই, সোণার শরীর পরিপুষ্ট ।
 “ধনে প্রাণে বিনাশ ক'রে গেলে.” বলে,
 কাঁদবেন পুত্র পিতৃনিষ্ঠ ;
 আর আমরণ বৈধব্যের ক্লেশ ভেবে পত্নী
 কাঁদবেন পার্শ্ব-উপবিষ্ট ।
 পশুতেরা বলবেন, “প্রায়শ্চিত্ত করাও.
 একটু রক্ত হয়েছিল দৃষ্ট ;
 একটা গাভী এনে, হরা করাও বৈতরণী,
 বাঁচামরা সব অদৃষ্ট !”
 ঘরে, তেল, চূর্ণ, চটি, পাচন, প্রলেপ, বুটী
 কবল, স্নাত, আর অরিষ্ট ;

ফুলসী, বেলের পাঁতা, মধু, পিঁপুল, আদা,
 সবি বিফল, সবি নফট ।
 কাস্ত বলে, ভ্রাস্ত মনরে, বলি শোন,
 এখন, লাগছে না এ কথা মিফট ;
 কিন্তু, সকল সত্যের চেয়ে, এইটে সত্যি কথা,
 দিনতো গেল, ভাব্রে ইস্ট ।

বসন্ত মিশ্র—একতালা



পরিণাম

না' হয়েছে, হচ্ছে যা', আর যা' হবে, সব জানি রে,
 আমার, প্রাণর মাঝে, তোর কথা নিয়ে,
 হচ্ছে কাণাকানি রে ।

যেমন ক'রেই হোক,
 আ'ন'ব টাকা, লুটবো মজা, এই ছিল তোর রোখ ;
 তা' সিঁদ দিয়ে, কি পকেট কেটে, ক'রে রাহাজানি রে
 বাড়'বে কিসে আয়,
 খসড়া-পাক্সা জমাখরচ হিসেব সেরেস্তায় ;
 রোজ, সন্ধ্যা বেলা আধ'লা নিয়ে করিস্ টানাটানি রে-।
 তোর কি ক'সুরে জেল ?
 মাথার ঘাম, দু'পায়ে ফেলে, কেন ভাজিস্ তেল ?
 তুই সারাজীবন টেনে মলি পরের তেলের খানি রে ।
 ঐ দেখ্ আস'ছে সে দিন,
 যে দিন কফের নাড়ী উঠ'বে জেগে, বায়ু-পিণ্ড ক্ষীণ ;
 সে দিন ক'সুরাট'ভরবে হালে পাবে না আর পানি রে ।

যোগ

যোগ কর প্রাণ মনে ;—

আর আজ কি ভবের ভাগ-পূরণে ?

ই'য়োনা কাতর বিয়োগে হাস্বে লোকে,

দেখে শুনে ।

আগে নে' মনকষা কসি',

করিস্নে মন-কসাকসি,

সরল কর্বে জটিল রাশি ; থাকিস্নে বসি'.

ভবের, মিথ্যা-মিশ্র-সঙ্কলনে ।

লঘিষ্ঠ-গরিষ্ঠ-ভেদে,

কেন মিছে মরিস্ কেঁদে,

ম'জ্জে আছ ভগ্নাংশেতে, কোন্ রসেতে ?

চল শুভঙ্করীর নিয়ম মেনে ।

কাজ কি রে তোর সের ছটাকে ;

বেঁধে নে' দেহের ছ'টাকে ;

শিখে নে রে পরিামতির নিয়মটাকে ;

রাখ, চতুর্ভুজের গুণটি জেনে ।

কর হৃদ-ক্ষেত্র কালী
সার ভবক্ষেত্রে, কালী ;
তোর জ্ঞান-নেত্রে কালী কে দিলে 'রে চাক্ষি'
তাইতে, ঠিকের ঘরটা ঠিক দেখিনে ।
কান্ত বলে 'ব্যাপার বিষম,
ভুলে আদি যোগের নিয়ম,
পোনঃপুনিক হচ্ছে জনম, ও মন অধম !
এবার, পরীক্ষাতে পাশ পাবিনে !

কালংড়া—আড়থেমটা



একে পর্যাবসান

সে, এক বটে, তার শক্তি বহু, একাধারে ;
তার, বিচিত্রতা কি বিপুল, ভেবে দেখনারে !
জগতে ক'র্ভ কোটি লোক দেখ ;—

আন্ বেছে তুই ছ'টো মানুষ,

সব রকমে এক ;

লক্ষ প্রভেদ দেহ-মনে,

কার জ্ঞানা আছে, কে রেখেছে গণে.

কোন দরশনে ?

গোটা ছই ভেদ বুঝে তুই গর্বে অধীর,

বৈজ্ঞানিক-বীর, একেবারে,

হাতে নৈ' ছ'টো গোলাপ ফুল.

পাপড়ি, রঙ্গ, ওজন, চঙ্গ,

নয়কো সমতুল !

তুলে আন্ ছ'টো বেল-পাতা,—

এক প্রণালীতে ঠিক ছ'টো গাঁথা,

ঘোড়া থেকে মাথা ;

তবু ঐ, কেক্রে, শিরায় ভেদ কত তায়,
 মিলবে না তার চারিধারে ।

চেয়ে দেখ, তড়িৎ, আলো, তাপ,
 গ্রাহের গতি, আকর্ষণ আর
 জড়ের আবির্ভাব ;

ঐ, শক্তির নদীর চেউগুলি,
 ক'চ্ছে যেন গো সদা কোলাকুলি,
 উঠছে মাথা তুলি' ;—

ওরা ঐ, এক হ'তে আসে, ভিন্ন বিকাশে
 মেশে গিয়ে এক পারাবারে !

মিশ্র খণ্ড—খেমটা



নিরুত্তর

ডাক্ দেখি তোর বৈজ্ঞানিকে ;

দেখবো সে উপাধি নিলে,

ক'টা 'কেন'র জবাব শিখে ।

ধরা কেন কেন্দ্র পানে, ছোট বড় সবকে টানে,

বোঁটা-চোঁড়া ফলটি কেন সে,

দেয় না যেতে অশ্রু দিকে ?

কোকিল কেন কুহু বলে, জোনাকীটে কেন জলে,

রৌদ্র, বৃষ্টি, শিশির মিলে,

কেন ফুটায় কুসুমটিকে ?

চিনি কেন মিষ্টি লাগে, চাতক কেন বৃষ্টি মাগে ;

চকোরে' চায় চন্দ্রমাকে,

কমল কেন চায় রবিকে ?

বায়ু কেন শব্দ বহে, অনল-শিখা'কেন দহে .

চুম্বক কেন লৌহ টানে,

টানে না মগ্নিমাণিকে ?

ইক্ষু কেন ম্বরস, এত, নিমটে কেন এমন ভেতো,
ম্বর কেন মেঘের ডাকে,

মেলে, মোহন পুচ্ছটিকে ?

কাস্ত বলে, আছে জেনো, 'কেন'র 'কেন', তস্ত 'কেন'
যাও, নিখিল 'কেন'র মূল কারণে;

সে, রেখেছে কালের খাতায় লিখে ।

তোর নাম রেখেছি হরিবোলা—ম্বর



শুদ্ধ প্রেম

প্রেমে জল হ'য়ে যাও গ'লে ;
 কঠিনে মেশে না সে, মেশেরে সে তরল হ'লে ;
 অবিরাম হুঁয়ে নত, চ'লে যাও নদীর মত.
 কল্কলে অবিরত 'জয় জগদীশ' ব'লে ;
 বিশ্বাসের তরঙ্গ তুলে, মোহ পাড়ি ভাঙ্গ সন্মুখে.
 চেওনা কোনও কূলে,

শুধু নেচে গেয়ে যাওরে চ'লে ।

সে জলে নাইবে যা'রা, থাকবে না মৃত্যু-জরা,
 পানে পিপাসা যাবে, ময়লা যাকে ধু'লে ;
 যা'রা সাঁতার ভুলে নামতে পারে,

(তাদের) টেনে নে যাও, একেবারে.

ভেসে যাও, ভাসিয়ে নে' যাও,

সেই পরিণাম-সিন্ধু-জলে ।

বাউলের স্বর—গড় খেমটা

মিলন

আয় ছুটে ভাই, হিন্দু-মুসলমান !

ঐ দেখে ব'রছে মায়ের দু-নয়ান
আজ, এক করে সে সন্ধ্যা-নমাজ,

মিশিয়ে দে আজ, বেদ-কোরাণ !

(জাতিধর্ম ভুলে গিয়ে রে) (হিংসাবিষে ভুলে
গিয়ে রে)

থাকি একই মায়ের কোলে, করি

একই মায়ের স্তম্ভপান ।

(এক মায়ের কোলে জুড়ে আছি রে) (এক মায়ের
দুধ খেয়ে বাঁচি রে)

আমরা পাশাপাশি, প্রতিবাসী,

দুই গোলারি একই ধান ।

(একই ক্ষেতে সে ধান ফলে রে) (একই ভাতে
একই রক্ত ব'য়ে যায়)

এক ভাই না খেতে গেলে,

কীদে না কোন্ ভায়ের প্রাণ ?
(এমন পাষণ কেবা আছে রে) (এমন কঠিন কেবা
আছে রে)

বিলেত ভারত দু'টো বটে, দুয়েরি এক ভগবান্ :

(দুই চ'খে যে দু'দেশ দেখে না) (তার কাছে ভে: সবাই
সমান রে)

সংকীৰ্তন—গড়খেমটা



তঁাতী-ভাই

রে তঁাতী ভাই, একটা কথা মন লাগিয়ে শুনি স্ ;

ঘরে তঁাত যে ক'টা আছে 'রে,—

তোরা স্ত্রী-পুরুষে বুনি স্ ।

এবার যে ভাই তোদের পালা,

ঘরে ব'সে, ক'সে মাকু চালা ;

কালের কাপড় বিশ হবে রে,—

না হয় তোদের হবে উনিশ !

তোদের সেই পুরাণো তঁাতে,

কাপড় বুনে দিবি নিজের হাতে ,

আমরা মাথায় ক'রে নিয়ে যাব রে,—

টাকা ঘরে ব'সে গুণি স্ !

“রে গল্কাই—প্রাতে দরশন দে”—স্বর

কাহারোয়

বাণী

[বিলাপ]

পদাঙ্ক

প্রাণের পথ ব'য়ে গিয়েছে সে গো ;
চরণ-চির-রেখা অঁকিয়ে যে গো ।
লুটায় আশা-ধূলে, মোহন অঞ্চল,
নূপুর-মুখরিত-চরণ চঞ্চল,
ছ'ধারে ফুটাইয়ে বাসনা-ফুল-রাশি,
আধেক প্রেম-গাথা শুনাইয়ে গো ।
একটু সুখা-হাসি, আধেক প্রেমগান
কামনা-ফুল ছ'টি, শুধ হীন-প্রাণ,
এখনও প'ড়ে আছে, চরণ-রেখা পাশে,
মুখ হ'য়ে আছি, তাই, নিয়ে গো ।

মিশ্র মল্লারী—কাওয়ালী

সেই মুখখানি

মধুর সে মুখখানি কখনও কি তোলা যায় !
 জমায়ে চাঁদের সুখা, বিধি গ'ড়েছিল তায় ;
 মৃদু-সরলতা মাখা, তুলিতে নয়ন অঁকা,
 চাহিলে করুণে, ধরা চরণে বিকাতে চায় ।
 অধরে সারাটি বেলা, হাসি করে ছেলে-খেল,
 নীরবে নিশীথে ধীরে, অধরে পড়ি' যুন্মায় ;
 যদি দুটি কথা কহে, প্রাণে সুখা-নদী বহে,
 নিমিষে নিখিল ধরা, মোহন-সঙ্গীত-ময় ।

মিশ্র বেহাগ—বাঁপতাল

“মধুর সে মুখখানি কখনও কি তোলা যায়,”—একটি প্রসিদ্ধ
 সঙ্গীত ; এই গানটি পাদপুরণ মাত্র ।

স্বপ্ন-পুলক

স্বপনে তাহারে কুড়ায়ে পেয়েছি,
 রেখেছি স্বপনে ঢাকিয়া ;
 স্বপনে অহারি মুখানি নিরখি,
 স্বপন-কুহেলি মাখিয়া ।

(কারে) বর-মালা দিনু স্বপনে,
 (হ'ল) হৃদি-বিনিময় গোপনে,
 স্বপনে দুজনে প্রেম-আলাপনে
 যাপি সারা-নিশি জাগিয়া ।

(করি) স্বপ্নে মিলন-সুখ-গান,
 (করি) স্বপ্নে প্রণয়-অভিমান,
 (হয়) স্বপ্নে প্রেম-কলহ, যায় গো
 স্বপনেরি সনে ভাঙ্গিয়া ;

বা কিছু আমার দিতে পারি সব
 সুখ-স্বপনেরি লাগিয়া ।

মিশ্র কানেড়া—একভালা

পূর্ব-রাগ

সখিরে ! মরম পরশে তারি গান,
 অধীর আকুল করে প্রাণ ;
 জ্যোছনা উছলি' ওঠে, মলয়া মূরছি' পড়ে,
 কুঞ্জে কুঞ্জে ফুল ফুটে ওঠে থরে থরে,
 বিশ্ব-বিমোহন তান ।
 অঁাখি-জলে হাসি মাখা, কি করুণ বেদনা !
 হেসে কেঁদে, নেচে নেচে, বলে, 'আর কেঁদ না'
 হৃদয় দিয়েছি প্রতিদান ।

মিশ্র ভূপালি—কাওয়ালী



ছিন্ন মুকুল

ফুটিতে পারিত গো, ফুটিল না সে ।
 মরমে ম'রে গেল, মুকুলে ঝ'রে গেল ;
 প্রাণ-ভরা-আশা-সমাধি-পাশে ।
 নীরসতা-ভরা, এ নিরদয় ধরা,
 শুকা'য়ে দিল কলি, উষ্ণ শ্বাসে ;
 দু'দিন এসেছিল, দু'দিন হেসেছিল,
 দু'দিন ভেসেছিল, সুখ-বিলাসে ।
 না হ'তে পাতা দু'টি, নীরবে গেল টুটি,
 বাসনা-ময় প্রাণ শুধু পিয়াসে ;
 সুখ-স্বপন সম, তপ্ত বুকে মম,
 বেদনা-বিজড়িত স্মৃতিটি ভাসে ।

লাউনি—কাওরালী

অসময়ে

নয়নের বারি নয়নে রেখেছি,

হৃদয়ে রেখেছি ছালা ।

শুকায়ে গিয়েছে প্রাণের হরষ,

শুকায়ে গিয়েছে মালা ।

দেখা দিবে ব'লে কেন দিলে আশা,

আশা-পথ পানে চেয়ে রই ;

(আমার) ভেঙ্গে গেছে বুক, ভেঙ্গেছে পরাণ,

সময় থাকিতে আসিল কই !

এলে যদি, সখা, ব'স ভাঙ্গা বুক,

ভাঙ্গা-হৃদয়ের যাতনা লও ;

মুখ পানে চেয়ে, দুখ ভুলাইয়ে,

ভাল ক'রে আজ কথাটি কও

মিশ্র স্কির্কিট—একতারা

ব্যর্থ প্রতীক্ষা

রূপসি নগর-বাসিনি ! *
শূন্য-কক্ষে কেন একাকিনী, বিষাদিনী !
দীন-নয়নে বিফল-শয়নে, কার পথ চাহি, মানিনি ?
দীপ মলিন, শুষ্ক মালিকা,
মুক মুখর শুক-সারিকা,
যতন-হীনা, নীরব বীণা, কর-পরশ-পিপাসিনী ।
শিশির-সিক্ত আশ্র-কাননে,
বাজিছে প্রভাতী বিহগ-কূজনে,
ধীরে ধীরে জাগে উষা, কনক-জলদ-কিরীটিনী ;
তন্ত্রাহীন যুগল নয়নে,
মন্দাকিনী ঝরিছে সঘনে,
জীবন-মরণ, কার চরণ আশে, বিফল যামিনী ?

বাবু প্রমথনাথ রায় চৌধুরীর "রূপসী গুরী-বাসিনী" পাঠে লিখিত। স্ব-ঐ

মানিনী

পরশ লালসে, অবশ আলসে,
 চলিয়া পড়িত আমারি অঙ্গে ।
 মিছে ভালবাসা, শুধু যাওয়া আসা ;
 রূপমোহ গেছে রূপেরি সঙ্গে ।
 সে মধু-আদর, এই অযতন,
 সে সুখ-স্বরগ, আজি এ পতন,
 মনে হয়, সখি, সকলি স্বপন,
 কে বাঁচে এমন ভরসা-ভঙ্গে ?
 চন্দন, সখি, হ'ল বিষতরু,
 নন্দন-বন হ'ল ঘোর মরু,
 উদাস-নয়নে, বিরহশয়নে,
 ভাসিতেছি আঁখি-নীর-তরঙ্গে ।

বেহাগ—একতাল।

সফল মরণ

এস এস কাছে, দূরে কি গো সাজে
বিছায়ে রেখেছি হৃদয়-আসন ?
চরণে ধূলি, দৈহ মাথে তুলি',
আজি অভাগীর কি সুখ-মরণ !
এস প্রাণ-সাথী, আজি শেষ রাত্রি,
ভাল ক'রে আজি করি দরশন :
জীবন-নাথ ! পূরিল সাধ,
ভুলেছি যত অনাদর অযত্ন ;
পদে মাথা রাখি', পদধূলি মাখি'.
সফল জনম আজি, সফল মরণ

লাউনি—কাঁপতাল



চির-মিলন

আর কি আমাকে দিতে পারে সে মনোবেদনা ?
 সখিরে, ভালবাসিতে, আসিতে, আর সেধনা ।
 নিশীথে মাধবীবনে, দেখা হ'ল সখা-সনে,
 (অমনি) প্রাণে সে রহিয়া গেল, বিরহ আর হ'ল না ।
 দিও না তাহারে বাধা, 'এস' ব'লে কেন সাধা ?
 (আমার) চির-মিলনের দেশে, নাহি বিরহ-যাতনা ;
 আঁখি মুদি হিয়া-মাবে, সে মধু মাধুরী রাজে,
 মানসে চরণ পূজি, পূরণে নাহি বাসনা ।

বেহাগ—কাওয়ালী



সংকল্প

মায়ের দেওয়া মোটা কাপড়

মাথায় ছুলে নে রে ভাই ;

'দান-ছুঃখিনী মা যে তোদের

তার বেশি আর সাধ্য নাই ।

ঐ মোটা সূতোর সঙ্গে, মায়ের

অপার স্নেহ দেখতে পাই ;

আমরা. এমনি পাষণ, তাই ফেলে ঐ

পরের দোরে ভিক্ষা চাই ।

ঐ ছুঃখী মায়ের ঘরে; তোদের

সবার প্রচুর 'অন্ন নাই,

তবু, তাই বেচে কাচ, সাবান, মোজা,

কিনে কল্লি ঘর বোঝাই ।

আয় রে আমরা মায়ের নামে

এই প্রতিজ্ঞা কু'রুব ভাই ;

পরের জিনিস কিন্বো না, যদি

মায়ের ঘরের জিনিস পাই ।

মূলভান—গড়-ধেম্টা

তাই ভালো।

তাই ভালো, মোদের

মায়ের ঘরের শুধু ভাত ;

মায়ের ঘরের ঘি-সৈন্ধব,

মার বাগানের কলার পাত ।

ভিকার চালে কাজ নাই, সে বড় অপমান ;

মোটা হোক, সে সোণা মোদের মায়ের ক্ষেতের ধান

সে যে মায়ের ক্ষেতের ধান ।

মিহি কাপড় প'র'ব না আর যেচে পরের কাছে ;

মায়ের ঘরের মোটা কাপড় প'র'লে কেমন সাজে

দেখতো প'র'লে কেমন সাজে !

ও ভাই চাষী, ও ভাই তাঁতী, আজকে সুপ্রভাত ;

ক'সে লাঙ্গল ধর ভাই রে, ক'সে চালাও তাঁত ।

ক'সে চালাও ঘরের তাঁত ।

জংলা—কহারোর

আমরা

আমরা, নেহাৎ গরীব, আমরা নেহাৎ ছোট ;
 তবু, আজি সাত কোটি ভাই, জেগে ওঠ !
 জুড়ে দে ঘরের তাঁত, সাজা' দোকান ;
 বিদেশে না যায় ভাই, গোলারি ধান ;
 আমরা, মোটা খাব, ভাই রে প'র'ব মোটা।

মা'খ'ব না ল্যাভেণ্ডার চাইনে 'অটো' ।

নিয়ে যায় মায়ের দুধ পরে ছ'য়ে।

আমরা, হ'ব কি উপোসী ঘরে শুয়ে ?

হারান্‌নে ভাই রে আর এমন স্ত'দিন :

মায়ের পায়ের কাছে এসে ঘোটে ।

ঘরের দ্বিয়ে, আমরা পরের মেঙ্গে,

কিন্‌বো না ঠ'নকো কাঁচ, যায় যে ভেঙ্গে ;

থাক্‌লে, গরীব হ'য়ে, ভাই রে, গরীব চালে,

তাতে হবে নাকো মান খাটো ।

মিশ্র বারোটা—কাণ্ডালী

বেলা যায়

আর কি ভাবিস্ মাঝি ব'

এই বাতাসে পা'ল তুলে দিয়ে,

হাল ধরে থাক্ ক'সে।

এই হাওয়া প'ড়ে গেলে, স্রোতে যে ভাই নেবে ঠেলে,

কুল পাবিনে, ভেসে যাবি,

মরবি যে মনের আপশোসে।

মিছে বকিস্ আনাড়ি, এই বেলা ধরবে পাড়ি,

“পাঁচপীর বদর” ব'লে, পুরো মনের খোসে ;

এমন বাতাস আর ব'বে না, পারে যাওয়া আর

হবে না,

মরণ-সিঁধু মাঝে গিয়ে,

পড়'বি রে নিজ কস্ম দোষে।

বাউলের সুর—থেন্টা

বাণী

[প্রলাপে]



তিনকড়ি শব্দ

- (আমি) যাহা কিছু বলি—সবি রস্কতা ;
যাহা লিখি,—মহাকাব্য ;
- (আর) সূক্ষ্ম-ভঙ্গ-অনুপ্রাণিত-
দর্শন,—যাহা ভাবিব ।
- (দেখ) আমি যেটা বলি মন্দ,
সেটা অতি বদ, নাহি মন্দ.
- (আর) আমি যা'র সনে বলিনে বাকি,
সে নয় কারো আলাপ্য ।
- (দেখ) আমি যেটা বলি সোজা,
সেটা জলবৎ ষাঙ্গ বোঝা,

- (আর) আমি যেটা বলি 'উ'হ না', তার
 'মানে করা কি সম্ভাব্য ?
- (আমি) যা খাই সেইটে খাও ;
 আর যা বাজাই সেটা বাজ ;
- (আর) আমি যদি বলি 'এইটে উহ',
 সেইখানে সেটা যাপ্য ।
- (আমি) চেষ্টিয়ে যা' বলি, গান তাই,
 তাতে পুরো অথারিটি বান্দাই ;
- (আর) ক'ন্তে হয় না ওজন সেটাকে,
 নিজহাতে যেটা মাপ্ব ।
- (এই) মাথাটা কি প্রকাণ্ড,
 (এই) অসীম জ্ঞানের তাণ্ড !
- (দেখ) আমি যা'রে যাহা খুসী হ'য়ে দেই,
 তাই তার নিটু প্রাপ্য ।
- (আমি) করি যার হিত ইচ্ছে,
 তা'রে পৃথিবীশুদ্ধ দিচ্ছে,
- (দেখো) ক'ঙ্কণো তার বংশ রবে না,
 ঘরে ব'সে ঘরে শাপ্ব ।

- (আমি) যেটা বলে যাব মিথ্যে,
(তুমি) যতই ফলাও বিচ্ছে,
(দেখো) কঁকণো সেটা সত্যি হবে না,
তর্কই হবে লভ্য ।
- (এই) দু'খানি রাতুল শ্রীচরণ,
দিয়ে, যেখানে করিব বিচরণ,
(ছাখো) সেটা যদি তুমি তোমার বলিবে,
ভূত হ'য়ে ঘাড়ে চাপ্ব !
- (ছাখো) আমি তিনকড়ি শর্মা,
(এই) ধরাধামে ক্ষণজন্মা
(দেখো) তখনি সে নদী হ'বে ভাগীরথী,
আমি যা'র জলে নাব্ব ।
- (দীন) কাস্ত বলিছে ভাই রে,
(অতি) তোফা ! বলিহারি যাই রে,
(আমি) তোমার নামটা "হাম্বড়া" প্রেসে,
সোণার আঁধরে ছাপ্ব ।

ভৈরবী—৭৬ খেমটা

জেনে রাখ

মান্বেৰ মध्ये শ্ৰেষ্ঠ সেই, যে পূৰো পাঁচ হাত লম্বা
 সাধু সেই, যে পৰেৰ টাকা নিয়ে, দেখায় রস্তা !
 ধাৰ্মিক বটে সেই, যে দিন রাত কোঁটা তিলক কাটে ;
 উদ্ধ সেই, যে আজন্মকাল চৈতন্য নাহি ছাঁটে ।
 সেই মহাশয়, সংগোপনে যে মদটা আস্টা টানে ;
 নিষ্ঠাবান্ যে কুকুটমাংসেৰ মধুর আশ্বাদ জানে ।
 রসিক সেই, যার বাটবছরে আছে পঞ্চম পক্ষ ,
 সেই কাজেৰ লোক, চব্বিশ ঘণ্টা হুকো যার উপলক্ষ !
 সেই কপালে বিয়ে ক'রে যে পায় বিশ হাজার পণ ;
 নারী মধ্যে সেই সুখী, যার কস্তে হয় না রক্ষন ।
 সেই নিরীহ, রামেৰ কথা শ্ৰামেৰ কাছে দেয় ব'লে ;
 সেই বাবু, যে বোঁচা হাত জামায় ফুঁ দিয়ে চলে !
 উদ্ধ সেই, যার করসা ধুতি ফুটফুটে যার জামা ;
 দেশহিতৈষী সেই, যার পায়, "ডসনের" বিনামা ।
 মদ খেয়ে, যা' ভুলে থাকতে হয় সেই আদত বিচ্ছেদ ;
 কালো কিত্তে ধারণ আছে যার, তারেই বলি খেদ ।

বাণী

বেহুঁস হ'য়ে ড্রেনে প'ড়ে রয়, সে অতি সম্ভ্রান্ত ;
সাদা কালোয় ভেদ না রাখে, সে হাকিম কি. ভ্রান্ত .
'এষ অর্ঘ্যঃ' যে বলে. সেই দশকর্ন্থাশ্রিত ;
সেই বেদজ্ঞ, ফলারের নামে যে ভারি আনন্দিত ।
'রাজ-লক্ষণ আছে আমার', যে কয়, সে জ্যোতিষী ;
লম্বা-দাড়ী, গেরুয়াধারী, সেই তো আদত ঋষি ;
'সর্ট-সাইটেড্' চস্মা নিলেই, বুঝবে ছোকরা ভাল ;
বাপকে যে কয় 'ঐডিয়ট্' তার গুণে বংশ আলো !
স্নেই গুরু, যিনি বৎসরান্তে আসেন বার্ষিক নিতে ;
যদাশ্র য়ে একদম লাখ্ দেয়—উপাধি.কিনিতে ।
আসল উল্লী সেই, যে সদাই আওড়ায় মুখে 'ফ্রম্ফট্' ;
সেই আদত বীর, সাহেব দেখলেই যে দেয় সোজা চম্পট
সে কালের সব নিরেট বোকা এ সত্য কি জান্ত—
যে লেখক বলেই বুঝতে হবে, এই ধুরন্ধর 'কান্ত' ?

মিশ্র বিভাস—কাওয়ালী

জাতীয় উন্নতি

হয় নি কি ধারণা, বুঝিতে পার না,

ক্রমে উঠে দেশ উচ্ছে !

যেহেতু, যে গুলি রুচিত না আগে,

এখন সে গুলো রুচ্ছে।

কেননা, আমাদের বেড়ে মাথা সাফ,

'গানো' খুলে পড়্ছি 'বিদ্যাৎ' 'আলো' 'তাপ',

মাপ্ছি স্কোয়ার ফুটে বায়ুরাশির চাপ

(আর) মনের অঙ্ককার ঘুচ্ছে ।

যেহেতু, বুঝেছি বিস্কুট কেমন মধুর,

কুক্কট-অস্থি কেমন স্বাদু ;

(আর) ক্রমে মদিরায় যার মতি যায়,

কেমনে সে হয় সাধু ;

(আর) যেহেতু আমাদের মনে মুখে চুই,

(যাকে) বলতে হবে 'আপনি' তাকে বলি 'তুই',

চাকুরি দেবে বলে চরণ তলে শুই,

আর ঘণা করি গরিব তুচ্ছে ।

যেহেতু আমরা 'ছাতে' ঢাকি টিকি,
সদা জামা রাখি শরীরে ;
(আর) 'শ্যাণ্টপো' বুলি, 'শান্তিপুর'কে
'হাঁরি' বলে ডাকি 'হরি'রে ;
যেহেতু আমরা ছেঁড়েছি একাস্ত,
কীট-দর্শক বাতুলতা বেদ-বেদাস্ত,
(মোদের) অস্থিমজ্জাগত সাহেবী, দৃষ্টিাস্ত
দেখনা অমুক বাঁড়ুয্যে ।

(কারণ) ধর্ম-হীনতাটা ধর্ম আমাদের,
কোনও ধর্মে নাই আস্থা,
কি হবে ও ছাই ভস্ম গুলো ভেবে ?
মস্তিষ্কটা নয় সস্তা ;
অণুবীক্ষণ আর দূরবীক্ষণ ধ'রে,
বাইরের অঁাখি দুটো ফুটোচ্ছি বেশ'ক'রে ;
মনশ্চক্ষু অন্ধ, তার খবর কে করে ?
সে বেচারী অঁাধারে ঘুরছে ।

(আর) যেহেতু আমরা নেশা করি,
 কিস্তি প্রাইভেট ক্যারেক্টার দে'খনা ;
 কংগ্রেসে যা বলি তাই মনে রেখো,
 আর কিছু মনে রেখো না ;
 বাপকে করি ছুণা, মাকে দেই না অন্ন,
 বাইরের আবরণটা রাখি পরিচ্ছন্ন,
 কোট পেণ্টালুনে ঢাকি কৃষ্ণ-বর্ণ
 যেন দাঁড়কাক ময়ূর-পুচ্ছে ।

(আর) যেহেতু আমরা পত্নী-আজ্ঞাকারী,
 প্রাণপণে যোগাই গহনা ;
 আর বাপরে ! তাঁর রুম্বট অঁাখি-তাপে,
 শুকায় প্রেম-নদীর মোহনা ।
 (সে যে) মাকে বলে 'বেটী', হেসে দেই উড়িয়ে
 (তার) পিতৃবংশ নিয়ে আসি সব কুড়িয়ে,
 (মোদের) চিনিয়ে দিতে হয় 'এ মাসী, খুড়ী এ',
 ভুলে প্রণাম করি না পূজ্যে ।

বাণী.

(কারণ) খবরের কাগজ, সাইন বোর্ড, আর
বিজ্ঞাপনের বেজায় ছড়াছড়ি,

(তাতে) দেখবে যথাক্রমে 'পঞ্চানন্দ', আর
'তিনকড়ি কবিরেজ', 'প্রেম বড়ি' ;

আর যেহেতু আমাদের সাহস অতুল,
সাহেব দেখলে, হয় পিতৃ-নামটা ভুল.

(দেশটা) সংক্রান্তি-পুরুষের হাত, পা. মাথা ছেড়ে,
ধ'রেছিল বুঝি, “ ” !

বসন্ত বাহার—জন্মদ একতালা



হজ্‌মী গুলি

আঃ যা কর, বাবা, আস্তে, ধীরে—

হা কর কেন খুঁচিয়ে?!

পাতলা একটা ঘবনিকা আছে,

কাজ কি সেটাকে খুঁচিয়ে?!

ফেলোনা পৈতে, কেটোনা টিকিটে,

সর্ব-বিভাগে প্রবেশ-টিকিট এ.,

নেহাৎ পক্ষে টাকটা সিকিটে

মেলোও ত হাকা বুঝিয়ে ।

কালিয়া কাবাব্ চপ্ কাট্লেট্.

টিকি.ঝাড়, আর খাও ভরপেট,

পৈতেটা কাণে তুলে নিয়ে ব'স,

নামাবলীখানা কুঁচিয়ে ।

বাণী

মুর্থশাস্ত্র অতি বিদ্যু'টে !
অকারণ অভিশাপ কুকুটে !
বলা তো যায় না কিছু মুখ ফুটে,
যা' কর নয়ন বুজিয়ে ।

শঙ্খবটী বা নৃপবল্লভে,
এমন ইজম কখন কি হবে. ?
পাচকের সেরা পৈতেটা ছেঁড়া,
টিকি কাটা কি কুকুটি, এ

কীর্তন-ভাঙ্গা সুর—গড় খেমটা



বরের দর

কষ্টাদায়ে বিব্রত হ'য়েছ বিলক্ষণ ;
তাই বুঝি সংক্ষেপে কচ্ছি ফর্দ সমাপন ।

নগদে চাই তিনটি হাজার,
ভাতেই আবার গিন্নী বেজার,
বলেন, এবার বরের বাজার কসা কি রকম !
(কিস্ত) তোমার কাছে চক্ষুলজ্জা লাগে যে বিষম ।
(আর) পড়ার খরচ মাসে তিরিশ,
হয় না কমে, বলে 'গিরিশ',
কাজেই সেটা, হ্যাঁ হ্যাঁ, বেশী বলা অকারণ ;
সোণার চেন ঘড়ী, আইভরি ছড়ি,
ডায়মণ্ডকাটা সোণার বোতাম,
দিও এক সেট, কতই বা দাম ?
বিলিতি বুট, ভাল গ্লিপার, বরের প্রয়োজম ;
ফুল্ এফ্টকিং, রেসমী রুমাল, দিও ছু'ডজন ।

বাণী.

ছাতি, বুরুস, আয়না, চিরুণ,
ফুলকাটা সার্ট, কোট, পেণ্টালুন,
দু' জোড়া শাল, সার্জের চাদর, গরদ সূচিকণ ;
জম্বকালো র্যাপার, আভর ল্যাভেণ্ডার,
খান পনের দিশি ধুতি, রেসমী না হয়, দিও সূতি ;
হ্যান্ড্যাখে ধরিনি 'চসমা',—কেমন ভুলো মন !
ছেলে, ঠুসি পেলে খুসি, একটু খাটো-দরশন ।

খাট, চৌকী, মশারি, গদি, এর মধ্যে নেই 'পারি যদি'
তাকিয়া, ভোষক, বালিশাদি দস্তুর মতন ;
হবে দু' প্রস্তু, শয্যা প্রস্তু,
(আর) টেবিল, চেয়ার, আলনা, ডেস্ক,
'হাতীর দাঁতের হাত-বাক্স,
ষ্টীলট্রাক খুব বড় দু'টো, যা, দেশের চলন ;
(আর) ভারি সঙ্গে পুরো এক সেটে, রূপোরি বাসন ।

গিন্নি বলেন বাউটি সূটে, রূপ লাবণ্য ওঠে ফুটে,
একশ' ভারি হ'লেই, হবে একটি সেট উত্তম ;

যেন অলঙ্কার দেখে নিন্দে করে না লোকে,
 দিও বারাণসী বোম্বাই,—ফর্দ কিছু হু'ল লম্বাই ;
 তা, তোমার মেয়ে, তোমার জামাই.

তোমার আকিঞ্চন :

আমার কি ভাই? আজ যাদে কা'ল মুদ্ব দু'নয়ন

(আর) দিও যাতায়াতের খরচ,

না হয় কিছু হবে করজ,

তা,—মেয়ের বিয়ে, তোমার গরজ, তোমার প্রয়োজন
 আবার আসবে, কুলীন-দল, তাদের চাই বিলিতি জল,
 ডজন বিশেক 'হুইস্কি' রেখো.

নইলে বড় প্রমাদ, দেখো !

কি ক'র'ব ভাই, দেশের আজকা'ল এমনি চালচলন ;
 কেবল চক্ষু-লজ্জায় বাধ' বাধ' ঠেকছে যে কেমন !

ছেলেটি মোর নব কার্তিক.

তাবটি আবার খাটা সাঙ্ঘিক,

এই বয়সে ভারু ভাস্তিক, কস্তাদের মতন :

যদি দিতেন একটা 'পাশ', তবে লাগিয়ে দিতেন ত্রাস,
ফেল্ ছেলে, তাই এত কম পণ,
এতেই তোমার উঠল কম্পন ?
কেবল তোমার বাজার যাঁচাই,—বকা'লে অকারণ
দেশের দশ, হেরে 'ক্লাস্ত' করে অশ্রু-বরিষণ !

'ঝাঁকে ঝাঁকে লাখে লাখে ডাকে ঐ পাখী।' স্মরণ—মতিয়ার



বেহায়া বেহাই

(বেহাই) কুটুম্বিতের স্থলে, বউ দেবোনা ব'লে,
বেশি কসাকসি ভাল নয় ;
(বিশেষ) বউমাটী দিনরেতে, কাঁদেন নাইতে খেতে,
আহা ! বালিকা, তার কত নয় !

ভবে কিনা, ভাই, তুলে যখন কথা,
দ্বায়ে প'ড়ে একটু দিতে হ'চ্ছে ব্যথা,
(তোমার) ব্যাভার মনে হ'লে শরীরটে যায় ছ'লে,
রুক্মারি ক'রেছি মনে হয় ।

এসেছিল হেলের দু' হাজার সঙ্কট,
নেহাৎ গোড়ারমুখো বিধাতার নির্বন্ধ,
নেশা খেয়ে কল্লম এই বিয়ে পছন্দ,
গুণখুরি ক'রেছি অভিমান ;
তোমার মতন ছোঁচোর, বদ্মায়েস, বাটপাড়,
দম্বাজ, এ ছুনিয়ার দেখিনিকো আর !

বাণী .

এত কথাবার্তা সবই ফকিকার,
কুলের দোষের.ওটা পরিচয় ।

আগে যদি জান্তেম এমনতর হবে,
পাওয়া খোয়ান্নর দফায় শূন্নি প'ড়ে যাবে,
ক'র্ত্তে যাই কি এমন অহান্মিকি তবে.
ফেলে ভাল কার্য্য সমুদয় ?
আগে জানলে পরে, বেড়ে দেখে শুনে,
নিভাম ফর্দের মত কড়ায় গণ্ডায় গুণে,
(এখন) শঠের পান্নায় প'ড়ে পুড়ি মনা গুনে,
কি ঘোর কলির হ'য়েছে উদয় ।

(তোমার) খাটে পুড়িঃ দে'য়া, তোষক গদি ঝাটে
টেবিল, চেয়ার হান্কা, তক্তপোষটি ছোট,
কলসী ঘটা দু'টো বেজায়-রকম ফুটো,
'সেকেগুহাণ্ড' জিনিস সমুদয় ;
বাঁধা হ'কো ভান্না, শাল জোড়াই রো'গো
আলীনা, বাস্ন, ডেস্ন, সব মড়া-খে'কো,

এখনকার সমাজে বে'র করিনে লাভে
পাছে কাণ-মলা খেতে হয় ।

এ সব ত' ধরিনে হ'ক্কে যেমন তেমন,
বাছার চেন ছড়াটি হয়নি মনের মতন,
সাড়ে চৌদ্দ ভরি দিলাম ফর্দে ধরি',
'ওজনে এক ভরি কম্ভি হয় ;

(আর) আনতেই চায়ের সেটটি পেয়ে গেছে গয়া,
ছিঁড়েছে মশারি, ঝাটের গেছে পায়,
(এমন) চ'খের পর্দা-শূণ্য বেহদ বেহায়া,
(আর) আছে কিনা, সন্দ সে বিষয় !

গয়না দেখেই গিন্নীর অঙ্গ গেছে জ্ব'লে,
একশ' ভরির কথা স্বীকার হ'য়ে গেলে,
যোল টাকা ভরির সোণা সবাই বলে,
পিতল কি সে সোণা, চেনা দায় ;
সেই পিতলে আবার আধাআধি খাঁদ,
ওজন ক'রে পেলাম ভরি দেড়েক বাদ,

চন্দ্রহার ছড়াটা, নয়কো ডায়মণ্ড-কাটা,
কত বল্ব, পুঁথি বেড়ে যায় !

হীরের আংটা কোথা ? ঝুঁটো মতি দে'য়া !
(এসব) বিলিতি জোচ্চুরি কোথায় শিখলে ভায়া ?
পয়সার মমতায়, না কল্লে-মেয়ের মায়া,
(ও ভার) দিবানিশি কথা শুনতে হয় ;
নগদটাতেও রকম-ফেরি আছে, ভাই,
হাজারে দু'তিনটি মেকি দেখতে পাই,
বিশ্বাস ক'রে তখন বাজিয়ে নেই নি, তাই—
এমনি ক'রেই আক্কেল দিতে হয় !

[কণ্ঠার পিতার অশ্রু-মোচন]

বাপ্ বেটীরই দেখছি সাধা চোখের জল,
মনে করলেই ধারা-বহে অবিরল,
তবু হয়নি শেষ ; মেয়েটিও বেশ,
নাইক' লাজ লজ্জা, সরম-ভয় ;
(আর) তোমার মত অক্ষীবক্র, হায়রে বিধি !
তারি কণ্ঠা, কতই হবে রূপের নিধি !

রূপে গুণে সমা, লোকে বলে “ওমা,
 এমন চাঁদেরো এমন পত্নী হয় !”
 (তোমার) মায়া-কান্নায় কিছু আসে যায় না আমার,
 (আমি) বেশ বুঝেছি তুমি ভদ্র-বেশী চামার,
 বাইরে বত জাঁক-জমক জুতো, জামার ;
 কিন্তু তুমি অতি নীচাশয় ;
 বারণ ক’ত্তে চাইনে, যাও হে মেয়ে নিয়ে,
 রেখে যেয়ো আমার খরচ-পত্র দিয়ে ;
 নইলে জেনো, চাঁদের আবার দিবো বিয়ে ;
 শুনে কাস্ত অবাক হ’য়ে রয় !

মুলতান—একতাল



বৈজ্ঞানিক-
দম্পতীর বিরহ

(পত্র)

কবে হবে জ্যোমাতে আমাতে সন্ধি ;
যাবে বিরহের ভোগ, হবে শুভ-যোগ,
ঘন্ব সমাসে হইব বন্দী ।

তুমি মূল ধাতু, আমি হে প্রত্যয়,
ভোমাবোগে আমার সার্থকতা হয়,
কবে, 'স্মৃতি, স্মৃতঃ, স্মৃস্তি'র যুচে যাবে ভয়,
হবে বর্তমানের 'তিপ্, তস্, অস্তি !'
আমি অবলা-কবিতা, তুমি অলঙ্কার,
ভোমা বিনে আমার কিসের অহঙ্কার,
করিছে অনঙ্গ, ছন্দোযতিভঙ্গ,
এসে সংশোধনের করহে ফন্দি ।

কীর্তনের সুর—জলদ একতালা

(উত্তর)

প্রিয়ে, হ'য়ে আছি বিরহে হসন্ত ;
 শুধু আধখানা কোদমতে রয়েছে জীবন্ত ।
 কি কব খাতুর ভোগ, নানা উপসর্গ রোগ,
 জীবনে কি লাগিয়েছে বিসর্গ অনন্ত !
 প্রেয়সী প্রকৃতি তুমি, প্রত্যয়ের লীলাভূমি,
 তোমা বিনে কে আমারে ব্যাকরণে মান্ত ?
 অধ্যয়ন উঠেছে চাপ্পে, রেতে যখন নিদ্রা ভাঙ্গে,
 লুপ্ত “অ”কারের মত ম'রে থাকি জ্যান্ত ।
 এ যে, সন্ধি-বিচ্ছেদের রাজ্য, কবে হব কর্তৃবাচ্য,
 বিরহ অসমাপিকা ক্রিয়া পাইনে অন্ত ।
 প্রিয়ে, তুমি আছ কুত্র, খেয়েছি সব মূল সূত্র,
 পেয়ে তোমার প্রেমপত্র, কচ্ছি “হা হা হস্ত !”

ফালেড়া—কাওয়ালী

কিছু হ'ল না

আমি পার হ'তে চাই, ওরা আমায় দেয়না
পারের কড়ি ;

আমি বলি বলিখব, ওরা দেয়না হাতে খড়ি ;
কিছু হ'ল না ।

ওরা খায় ক্ষীরনবনী, আমি বল্কা দুধ,
আমি করি তেজারতি, ওরা খায় সুদ ;
কিছু হ'ল না ।

আমার গাছে ফল ধরে, ওরা সব খায় পেড়ে,
আমি একটি হাতে ক'লেই, এসে নিয়ে যায় কেড়ে ;
কিছু হ'ল না ।

আমি, আনি বাজার করে, ওরা খায় রুঁধে,
ওরা করে রং তামাসা, আমি মরি কেঁদে ;
কিছু হ'ল না ।

আনি নৌকা বাঁধি ওরা বাহার দিয়ে চড়ে,
আমি করি কড়ার হিসাব, ওরা ধরে গড়ে ;
কিছু হ'ল না ।

হরি ভ'জ্ব ব'লে নয়ন মুদি, ওরা সবাই হাসে,
আমি চাই নিরীলা, ওরা কাছে ব'সে কাঁসে ;
কিছু হ'ল না ।

আমি যদি প্রদীপ জ্বালি, ওরা মারে ফুঁ,
আমার বা'তে 'না, না', ওদের তা'তে 'হুঁ' ;
কিছু হ'ল না ।

আমি আনি মাছ মাংস, ওরা মারে ছোঁ,
আমি বলি বুঝে দেখ, ওরা ধরে গোঁ ;
কিছু হ'ল না ।

আমি করি ফুলের বাগান, ওরা ভোলে ফুল,
আমি কিনি পাকা সোণা, ওরা পরে ছুল ;
কিছু হ'ল না ।

আমি বলি 'সময় গেল', ওরা বলে 'আছে',
(আমি) কাপড় কিনে দিই, ওরা স্মাংটো হ'য়ে নাচে
কিছু হ'ল না ।

আমি বলি 'বাপু' 'সোণা', ওরা মারে চড়,
আমি চাই ঝিরঝিরে বাতাস, ওরা বহায় ঝড় !
কিছু হ'ল না !

আমার যাত্রার সময়, ওরা ধোবা নাপিত ডাকে,
(আমি) কাণা কড়ি দাম বলি, ওরা লক্ষ টাকা হাঁকে ;
কিছু হ'ল না ।

ভোমরা দশঠাকুরে মিলে, আমার কর একটা সালিশ,
কোন্ হুজুরের জুরিস্‌ডিক্‌সন্, কোথায় ক'র্ব নাশিশ ;
কিছু বুঝিনে ।

'কম্পেন্সেসেন', 'চিটিং' কিংবা, হবে স্বত্বের মামলা ;
কোন্ আইনে কি বলে, ভাই, বড় বড় সামলা !
আমায় ব'লে দাও ।

কত বারো বৎসর গেল, হ'ল বুঝি তমাদি,
কান্ত বলে বিচার হবে, হ'লে পরে সমাধি ;
কিছু ভেব না ।

মিশ্র বিভাস—কণওয়ালী

বিদায়

আর আমি থাকবো নারে, তল্‌পী তোল ;

সয় কি ভাই, দিবানিশি গগুগোল ?

খেয়ে বামণের রান্না, ভাই আমার আসে কান্না,

তবু পাক-ঘরে যান না, গিল্লির আশুণ ছুঁলেই গোল

(আবার) ডালের সঙ্গে জল মেশে না,

বেগুনপোড়া, নিমপটোল ।

(হায় ছুঁবেল!)

প'ড়েছি কি পাপফেরে, গিল্লিটি যে আবদেরে,

'কাপড় দে, গয়না দে' করমাসেতে হই পাগল :

'পারিনে' ব'লে, চ'ল্লেন বাপের বাড়ী,

ঘুরিয়ে স্বর্ণ নথ স্ত্রগোল ।

(মুখের কাছে)

গৃহ-দেবতার আদেশে, যদি বা দুঃখে ক্রেশে,

সোণা দেই; সর্ববনেশে কর্ম্মকারের বানান্ ভোল ;

মজুরি যোল আনাই ; বাজার যাচাই

ক'রে দেখি সব পিতল !

বাণী

ধৈর্য আর কুর্দিন টেকে ? সাদা রং বজায় রেখে,
গোয়ালী মনের সুখে, জল ঢেলে দুধ করে ঘোল ;
করে নিত্য গুরুদেবের কিরে,

(আবার) আদায় করে সুদ আসল !

(হিসেব করে ।)

কাপুড়ে সালে দফা, দামের নাই আশ্বাস রফা,
টাকায় টাকা মুনাফা, মুখে বলেন “হরি বোল” ;

(আবার) সাঁচা বুঁটা যায় না বোকা,

হায়রে কি বজ্‌নিশ নকল ।

(কার সাধ্য চিনে ?)

ধোবা তিরিশ খান দরে, কাপড় দেয় দুমাদ পরে,
ভদ্রতা কেমন করে রাখব, ভাবি তাই কেবল . .

আবার) নাগে নবীন, বর্ষে দু’দিন,

দেখা দিয়ে করেন প্রাণ শীতল

কি সখ্য বি-চাকরে, ডা’নে বাঁয়ে চুরি করে,

তাই আবার ব’লে পরে, বাজায় অপযশের ঢোল ;

(আবার) চৌকিদারী কি বক্‌মারি,

না দিলে কয় ‘ঘটা. ভোল !’

(নবাবের বেটা ।)

হেলেনের জ্যাঠামিটে, দেখলে দেই কড়া মিটে,
 প'ড়েছে কড়া গিটে, তথাপি বেজায় বিটোল ;
 (আবার) পিঁউলি পবা, পান্না বাবা,
 ওরা খাবেন রুই-কাতোল ।

(মর বাঁচ ।)

সবাই নিজেরটি বোঝে, যা' পায় তাই ট্যাফে গোজে,
 শুধু পরের খরচে পরের মাথায় ঢালে ঘোল ;
 কাস্ত বলে সবাই মিলে, একবার কৃষ্ণানন্দে হরি বোল
 (হ'বাহ তুলে ।)

বাউলের সুর—গড় খেমটা



